

৫০১১৯



**বাংলাদেশ ব্যাংক**  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।



ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং-০৩

২৯ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ

তারিখ: -----

১২ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক  
(শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ব্যতীত)

প্রিয় মহোদয়,

**ইউএস ডলার প্রিমিয়াম ও ইনভেস্টমেন্ট বন্ডে  
বিনিয়োগ শ্রেণীসীমা ও মুনাফার হার পুনর্নির্ধারণ প্রসঙ্গে।**

জাতীয় সংসদ বন্ডের অন্তর্ভুক্ত ইউএস ডলার প্রিমিয়াম বন্ড ও ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর বিনিয়োগ শ্রেণীসীমা ও মুনাফার হার পুনর্নির্ধারণ সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৪ এপ্রিল, ২০২২ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬ নম্বর প্রজ্ঞাপন আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(খোন্দকার সিদ্দীকুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৩১



নং-০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬.

তারিখ: ২১ চৈত্র ১৪২৮  
০৪ এপ্রিল ২০২২

প্রজ্ঞাপন

The U.S. Dollar Premium Bond Rules, 2002 (Amended upto 30 June 2012) এবং U.S. Dollar Investment Bond Rules, 2002 (Amended upto 30 June 2012) অনুযায়ী নিম্নোক্ত দু'টি বন্ডে বিনিয়োগের শ্রেণিসীমা ও মুনাফার হার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হইলঃ

ক্রম	সঞ্চয় স্কিমের নাম	মেয়াদ	বিদ্যমান মুনাফার হার (%)	ইউএস ডলার (US\$) ১,০০,০০০/- (একলক্ষ) পর্যন্ত	ইউএস ডলার (US\$) ১,০০,০০১/- (একলক্ষ এক) হতে ৫,০০,০০০/- (পাঁচলক্ষ) পর্যন্ত	ইউএস ডলার (US\$) ৫,০০,০০১/- (পাঁচলক্ষ এক) হতে তদূর্ধ্ব
০১।	ইউ এস ডলার প্রিমিয়াম বন্ড	১ম বছরান্তে	৬.৫০	৪.৫০	৩.৫০	২.৫০
		২য় বছরান্তে	৭.০০	৫.০০	৪.০০	৩.০০
		৩য় বছরান্তে	৭.৫০	৫.৫০	৪.৫০	৩.৫০
০২।	ইউ এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড	১ম বছরান্তে	৫.৫০	৪.০০	৩.০০	২.০০
		২য় বছরান্তে	৬.০০	৪.৫০	৩.৫০	২.৫০
		৩য় বছরান্তে	৬.৫০	৫.০০	৪.০০	৩.০০

- বর্ণিত সঞ্চয় স্কিম দুটির নতুন স্ল্যাব ইউএস ডলার (US\$) এ হবে এবং স্কিম দুটির ক্ষেত্রে বিনিয়োগের উর্ধ্বসীমা থাকবে না;
- নতুন স্ল্যাবভিত্তিক মুনাফা প্রদানের ক্ষেত্রে বর্ণিত স্কিম দুটির পূর্বের বিনিয়োগ হিসাবায়ন হবে। তবে নতুন স্ল্যাব চালুর পূর্বে ইস্যুকৃত সঞ্চয় স্কিম দুটির মুনাফার হার ক্রয়কালীন বিদ্যমান হারে প্রযোজ্য হবে;
- বর্ণিত স্কিম দুটির বিনিয়োগের পরিমাণ অন্যান্য সকল সঞ্চয়স্কিম হতে আলাদা হিসাবায়ন হবে; এবং
- স্কিম দুটির লেনদেন সংক্রান্ত সকল রিপোর্ট বিটাং ইউএস ডলার (US\$) এর পাশাপাশি বাংলাদেশী মুদ্রায় (BDT) পাওয়ার ব্যবস্থা থাকবে।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল।

মহাব্যবস্থাপক মহোদয়ের শাখা	
ইনওয়ার্ড নং- ৭২২	স্বাক্ষর ও
তারিখ: ০৭.০৪.২২	
ডিজিএম-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
ডিজিএম-২	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
ডিজিএম-৩	<input type="checkbox"/> আলোচনা করুন
	<input type="checkbox"/> জরুরী
	<input type="checkbox"/> নথিভুক্ত

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ-

(দীপক কুমার বিশ্বাস)

উপসচিব

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬. ২২/২(২৫)


তারিখ: ২১ চৈত্র ১৪২৮  
০৪ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

চলমান পাতা-২

- ৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, জাতীয় সংসদ অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৭। মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।
- ১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ১২। যুগ্মসচিব (সংসদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

  
- ৪১৪১২ -  
(দীপক কুমার বিশ্বাস)  
উপসচিব